মেহেরপুরে বিশ্ব বসতি দিবস পালন

“তরুণদের সম্পৃক্ত করি উন্নত নগর গড়ি” আলোচনা সভা ও র্যালির মধ্যদিয়ে মেহেরপুরে বিশ্ব বসতি দিবস-২০২৪ উদযাপন আয়োজন করা হয়েছে।

আজ সোমবার (৭ অক্টোবর) সকাল ৯ টার সময় মেহেরপুর জেলা প্রশাসন ও গণপূর্ত বিভাগের উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয় থেকে জেলা প্রশাসক সিফাত মেহনাজের নেতৃত্বে বিশ্ব বসতি দিবসের র্যালি শুরু করে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় শেষ হয়।

বিশ্ব বসতি দিবসের র্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মোঃ তানভীর হাসান রুমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী এস এম রফিকুল হাসান এসময় তিনি বলেন বসতি দিবসে তরুণদের সম্পৃক্ত করে উন্নত নগর গড়িয়ে তুলতে তরুণদের একেএ হবার আশা প্রকাশ করেন।

এ ছাড়াও ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর, জেলা শিক্ষা অফিসার মোঃ আব্বাস উদ্দিন তাদের বক্তব্যে বলেন তরুণদের সম্পৃক্ত করি উন্নত নগর গড়িয়ে তরুণদের সম্পৃক্ত করে উন্নত মানের একটি দেশ গড়ার কথা বলেন।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রে গাজী মূয়ীদুর রহমান, টিটিসি’র অধ্যক্ষ আরিফ হাসেন তালুকদার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাসেমসহ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা বৃন্দ।

আমঝুপিতে বিশ্ব শিক্ষক দিবসে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষ্যে আজ সোমবার সকাল ১০ টার দিকে আমঝুপিতে এক র্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়।

গণসাক্ষরতা অভিযান (CAMPE) ও মানব উন্নয়ন কেন্দ্র (মউক) যৌথ ভাবে এই সভার আয়োজন করে। মউকের হলরুমে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক মো: আসাদুল ইসলাম।

এ সময় মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম র্কমসূচীর লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন।

বিশেষ অতিথি হিসাবে আরো বক্তব্য রাখেন উপজেলা সমাজ সেবা অফিসার মো: আনিছুর রহমান, বাংলাদেশ সরকারি প্রথমিক শিক্ষক এ্যাসেসিয়েশন জেলা সভাপতি নাজমুল হক লিটন, সাধারন সম্পাদক মো: আসাদুল হক, উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সোহেল রানা।

আলোচনায় আরো অংশ গ্রহন করেন নুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াছ নবী, হাজী আজগর আলী মাস্টার, সমাজসেবক আব্দুর রকিব।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা, অনুষ্ঠানটি উপস্থাপনায় ছিলেন মানবাধীকার কর্মী সাদ আহম্মেদ। অনুষ্ঠানের আগে একটি র্যালী আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে।

কেন্দ্রীয় যুবলীগ নেতা জেমস

স্বপন মল্লিক বাবু গ্রেফতার

বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য জেমস স্বপন মল্লিক বাবুকে গ্রেফতার করেছে রাজধানীর সূত্রাপুর থানা পুলিশ।

আজ সোমবার বিকাল ৪টার দিকে সদরঘাট এলাকার নিজ অফিস তাকে গ্রেফতার করা হয়।

জেমস স্বপন মল্লিক বাবু মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান গ্রামের ব্রজেন মল্লিকের ছেলে।

মেহেরপুরে ঋণ প্রদানের নামে অর্ধকোটি টাকা নিয়ে এনজিও লাপাত্তা

মেহেরপুরে ঋণ দেওয়ার নাম করে গ্রাহকের কাছ খেকে অর্ধ কোটি টাকা হাতিয়ে নিয়ে লাপাত্তা সিডার’ ক্ষুদ্র ঋণ কমর্সূচি নামের খটি এনজিও।

আজ সোমবার (৭ সেপ্টেম্বর) সকালের দিকে মেহেরপুর শহরের কুষ্টিয়া সড়কের দিঘীর পাড়া এলাকায় এনজিওটির অফিসে গ্রাহকরা ঋণ নিতে এসে দেখেন অফিস গুটিয়ে পালিয়েছে এনজিওর কর্মকর্তারা। সে সময় সেখানে কান্নায় ভেঙে পড়েন গ্রাহকরা।

মেহেরপুর সদর উপজেলার মদনা, গোপালপুর, শ্যামপুরসহ জেলার বিভিন্ন এলাকা থেকে গ্রাহক সংগ্রহ করে ঋণ দেওয়ার নামে ১০ শতাংশ করে জামানত সংগ্রহ করে সংস্থাটি। এনজিও সংস্থার মেহেরপুর শাখার ম্যানেজার হিসেবে গ্রাহকদের কাছে আশরাফুল আলম নামে জাতীয় পরিচয় পত্র প্রদান করেন। এমন প্রত্যারনার স্বীকার হয়েছেন তিন শতাধিক মানুষ।

জানা গেছে, সপ্তাহ খানেক আগে আব্দুল মতিন নামের একজনের কাছে থেকে

বাড়ি ভাড়া নিয়ে তারা অফিসে সাইনবোর্ড ঝুলিয়ে দেয়। হঠাৎ দুএকদিন আসা যাওয়া করেন তারা।

আজ সোমবার গ্রাহকদের ঋণ দেওয়ার দিনে তারা আসবাবপত্র নিয়ে উধাও হয়েছে। তবে তাদের কখনো কেউ দেখতে পাননি বলে জানিয়েছেন এলাকাবাসী। পরে বাড়ি মালিক এনজিও সাইনবোর্ড টি খুলে দেন।

এনজিওটির সদস্য নতুন মদনাডাঙ্গা গ্রামের সীমা খাতুন জানান, ৩ লাখ টাকা ঋণ দেওয়ার কথা বলে তার সাথে ১৮ হাজার টাকা নেওয়া হয়েছে। আজ সোমবার তার ঋণের ৩ লাখ টাকা দেওয়া কথা কিন্তু সকালে অফিসে এসে দেখতে পান অফিসে কেউ নেই। আসবাবপত্রও নেই।

তিনি বলেন, তার স্বামীকে গোপন করে তিনি এ টাকা দিয়েছেন। তার স্বামী জানতে পারলে তাকে বাড়িতে উঠতে দেবে না। এখন পথে বসা ছাড়া উপায় নেই।

একই গ্রামের হেলাল জানান, তার সাথেও ৩ লাখ ঋণ নেওয়ার কথা বলে ১৮ হাজার নেওয়া হয়েছে, নাজমা খাতুন, হাফিদজুল ইসলাম সহ মদনাডাঙ্গা গ্রাম থেকে ৯ জন দিয়েছেন ১ লাখ টাকা। এসময় তাদের কাছে সংস্থাটি পাসবই দেয় বলে জানান তারা।

কুতুরপুর গ্রামের সাজেদা খাতুন এক লাখ ঋণ পাবেন বলে দিয়েছেন ১০ হাজার টাকা, মর্জিনা খাতুন দিয়েছেন ৫ হাজার টাকা, হিরা খাতুন ৭ হাজার, আনোয়ার হোসেন ৭ হাজার টাকা। শ্যমপুরের ভ্যান চালক মাসুম হোসেন ২ লাখ টাকা ঋণ পাবেন বলে দিয়েছেন ১২ হাজার। ঋণ নিতে এসে অফিস উধাওয়ের খবর পেয়ে তিনি কান্নায় ভেঙে পড়েন।

এছাড়াও সকাল থেকে বিভিন্ন গ্রাম থেকে গ্রাহকরা এসে অফিসে কাউকে না পেয়ে কান্নায় ভেঙে পড়েন এবং সেখানে অবস্থান নেন।

খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে গিয়ে গ্রাহকদের শান্ত করেন। এবং এনজিও কর্মকর্তাকে আইনের আওতায় এনে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি গ্রাহকদের আশ্বাস দেন।

তবে জেলা সমাজসেবা অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপ-পরিচালক কাজী কাদের ফজলে রাব্বী বলেন, “সিডার নামের কোন এনজিওর অনুমোদন মেহেরপুরে নেই। এক ধরণের প্রতারকরা নাম সর্বস্ব এনজিও খুলে মানুষের কাছে থেকে টাকা লগ্নি করে উধাও হচ্ছে। এদের থেকে সচেতন থাকতে হবে। তাদের কাছে টাকা দেওয়ার আগে অবশ্যই তাদের কাগজপত্র যাচাই করে

নিতে হবে”।

এছাড়া জেলা সমবায় অধিদপ্তরে খোঁজ নিয়ে জানা গেছে, সিডার ফাউন্ডেশন নামের কোন প্রতিষ্ঠানের নিবন্ধন তাদের দপ্তরেও নেই।

বাড়ির মালিক আব্দুল মতিন জানান, কয়েক দিন আগে সিডার এনজিও সংস্থার মেহেরপুর শাখার ম্যানেজার হিসেবে আশরাফুল আলম নামে একজন ১৪ হাজার টাকা মাসিক ভাড়া চুক্তিতে বাসা ভাড়া নেন। ১০ অক্টোবর থেকে আনুষ্ঠিক ভাবে কাষক্রম শুরু করার কথা থাকলেও শনিবার থেকে এনজিও ম্যানেজারের ফোন বন্ধ পান। পরে বাড়ির সামনে গ্রাহকদের ভিড় জমতে দেখেন। বাসা ভাড়ার সময় একটি জাতীয় পরিচয় পত্র প্রদান করেন তারা।

গাংনীতে হত্যা মামলার দুই আসামি গ্রেফতার

গাংনী উপজেলার বাওট গ্রামের নাহারুল ইসলাম হত্যা মামলার এজাহারনামীয় ২ আসামীকে গ্রেফতার র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) ক্রাইম প্রিভেনশন কোম্পানী-৩ মেহেরপুর ক্যাম্প।

রবিবার দিবাগত রাত দেড়টার দিকে র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার এএসপি এনামুল হকের নেতৃত্বে একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার আব্দুলপুর গ্রামের জনৈক সাইদুর আরেফিনের (আসামীর শশুর) বাড়ীতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন, বাওট গ্রামের সাবেক মেম্বর ও বিএনপি নেতা মহিবুল ইসলামের ছেলে মোঃ সাহাবুর রহমান মিন্টু (৪০), ও মোঃ শাহা আলম ওল্টু (২৮)।

আজ সোমবার বেলা ১১ টার সময় স্থানীয় সাংবাদিকদের প্রেস বিজ্ঞপ্তি দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-
১২) সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার এএসপি এনামুল হক।

তিনি জানান, গত ৬ আগস্ট দিবাগত রাত আনুমানিক ১০ টার দিকে আধিপাত্য বিস্তার ও পূর্ব বিরোধকে কেন্দ্র করে দুপক্ষের মধ্যে সৃষ্ট সংঘর্ষে বাওট গ্রামের কুরু বিশ্বাসের ছেলে নাহারুল ইসলাম
(৫৫) নিহত ও উভয় পক্ষের ৮ জন আহত হন।

আহতরা হলেন- নিহত নাহারুল ইসলামের বড় ভাই আইনাল হোসেন (৬২), আব্দাল হোসেন (৫৮), ইনামুল হক (৪০) ও তার ছেলে সিয়াম (১৭)।

অপরপক্ষের আহত হন, মটমুড়া ইউনিয়নের সাবেক ইউপি মেম্বার মহিবুল ইসলাম (৬৮), ভাই সাবেক মেম্বর বিএনপি নেতা আশরাফুল ইসলাম কালু (৫৬), হামিদুল ইসলাম (৪৬) ও আমিরুল ইসলাম (৪০)।

এঘটনায় নিহত নাহারুল ইসলামের ছেলে নাজমুল হোসেন বাদী হয়ে গাংনী থানায় এজাহার নামীয় ৭ জন ও অজ্ঞাতনামা কয়েকজনকে আসামি করে একটি হত্যা মামলা দায়ের করেন। যার নং ৮, ধারা ১৪৩/১৪৮/১৪৯/৪৪৭/৩২৩/৩২৪/৩২৬/৩০৭/৩০২/১১৪/৫০৬ পেনাল কোড।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণের গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

যে কারনে সংঘর্ষ ও হত্যাকান্ড:
বিগত ৫ আগষ্ট ছাত্র-জনতার আন্দোলনে আওয়ামী লীগ সরকারের পতনের পরদিন ৬ আগষ্ট সকালে গাংনীতে বিএনপির মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। মিছিল সমাবেশে নিহত নাহারুল ইসলামের ছোট ভাই এনামুল হক অংশ নেন। এঘটনায় বাওট গ্রামের বিএনপি নেতা উজ্জ্বল হোসেন ওইদিন বিকেলে এনামুল হকের মিছিলে যাওয়াকে কেন্দ্র করে বলেন, এই ১৭ বছরে আওয়ামী লীগ করে বিএনপির সু সময় দেখে সবার আগে মিছিলে গেছো। মিছিলে গেলেও বিএনপিতে সুযোগ দেওয়া হবেনা। এনিয়ে বিএনপির স্থানীয় নেতা উজ্জ্বল হোসেন ও এনামুল হকের মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে ধাক্কাধাক্কি ও পরে উজ্জ্বল হোসেনের মুদি দোকানে হামলা করে। এঘটনার জের ধরে সন্ধ্যা থেকেই উভয় পক্ষের মধ্যে উত্তেজনা চলছিলো। এক পর্যায়ে সংঘর্ষ হয়।

মেহেরপুর সরকারি মহিলা কলেজে শিক্ষক ও কর্মচারীদের সংবর্ধনা

মেহেরপুর সরকারি মহিলা কলেজে বদলি জনিত কারণে ৬ শিক্ষক ও অবসরজনিত কারণে এক কর্মচারীর বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে।

গতকাল রবিবার সকালে মেহেরপুর সরকারি মহিলা কলেজ মিলনায়তনে বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন।

বিদায়ী শিক্ষকদের মধ্যে সহকারী অধ্যাপক হাসানুজ্জামান, সহকারী অধ্যাপক মুনশি এ এইচ এম রাশেদুল হক, প্রভাষক হাফিজুর রহমান, বাবুল মিয়া নয়ন, জামসেদুর রহমান, গ্রন্থাগারিক শহিদুল ইসলাম এবং দক্ষ বেয়ারার হাফিজ উদ্দিনকে ফুল ও উপহার দিয়ে সংবর্ধনা দেওয়া হয়।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম, মিরাজ উদ্দিন, ড. এ এস এম আতিয়ার রহমান, ইকরামুল হাসান প্রমুখ। অনুষ্ঠানে শেষে বিদায়ীদের হাতে ক্রেস্ট ও প্রীতি উপহার তুলে দেওয়া হয়।

মুজিবনগরে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালন

মুজিবনগরে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
রবিবার সকাল ১০ টার সময় উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পরিষদ প্রাঙ্গণে শেষ হয়।
র্যালি শেষে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে ও সঞ্চালনায়, উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্য (তদন্ত) আমিরুল ইসলাম, উপজেলা প্রকৌশলী খালিদ হোসেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর চিকিৎসক ডা: সুপ্রিয়া গুপ্ত, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক, সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান, উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কর্মকর্তা শাজাহান আলী, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, মহাজনপুর ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মইনুদ্দিনসহ ইউনিয়ন পরিষদের সদস্য,সচিব, কম্পিউটার অপারেটর, গ্রাম পুলিশ, বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী বৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে সনাতন ধর্মালম্বীদের সাথে বিএনপির মতবিনিময়

মেহেরপুরে হিন্দু সম্প্রদায়ের সাথে মতবিনিময় করেছে গাংনী উপজেলা বিএনপি। আজ রোববার বেলা ১২ টায় হাসপাতালস্থ বিএনপি কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

কাজিপুর বিএনপির সাধারণ সম্পাদক মতিউর রহমান মোল্লার সভাপতিত্বে ও বিএনপি নেতা সুরেলী আলভীর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

প্রধান অতিথির বক্তব্য দাদুজ্জামান বাবলু বলেন, এবছর গাংনী উপজেলায় ১৭টি পূজা মন্ডপে পূজা অনুষ্ঠিত হবে। বাঙালি হিন্দুদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গাপূজা ঘিরে যেকোনো ধরনের অপতৎপরতা ঠেকাতে মাঠে থাকবে বিএনপি। হিন্দু সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজায় কোনো প্রকার অপ্রীতিকর কিংবা অনাকাঙ্ক্ষিত ঘটনার চক্রান্ত যাতে কেউ করতে না পারে, সেদিকে সবাইকে সজাগ দৃষ্টি রাখার আহবান জানান।

তিনি আরও বলেন, এবারের পূজা হবে সার্বজনীন। তাই বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে হিন্দু ভাইয়েরা সুন্দর ও সুষ্ঠুভাবে দুর্গোৎসব পালন করতে পারে, সে ব্যাপারে

জেলা বিএনপির সকল সদস্য ঐক্যবদ্ধ হয়ে মাঠে থাকবেন। বাংলাদেশর সাম্প্রদায়িক সম্প্রতি ও সৌহার্দ্য অন্তত সুদৃঢ় উল্লেখ করে সবাইকে হিন্দু সম্প্রদায়ের পাশে থাকার আহবান জানান তিনি।

এসময় উপজেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি সুশান্ত পাত্রসহ বিএনপির অঙ্গসংগঠনের নেতা কর্মী ও হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাতীয় জন্ম মৃত্যু নিবন্ধন দিবস পালন

মেহেরপুরে জাতীয় জন্ম মৃত্যু নিবন্ধন দিবস ২০২৪ উদযাপ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা আয়োজন করা হয়েছে।

আজ রবিবার (৬ অক্টোবর) সকাল ১০ টার সময় জেলা প্রশাসকের কার্যালয় থেকে বর্ণাঢ্য র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা শিল্পকলা একাডেমী প্রাঙ্গণে শেষ হয়। পরবর্তীতে শিল্পকলা একাডেমিতে জাতীয় জন্ম মৃত্যু নিবন্ধন দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্বে করেন স্থানীয় সরকার উপপরিচালক শামীম হোসেন, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম, মেহেরপুর সিভিল সার্জন ডাঃ মহী উদ্দিন আহমেদ, মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা: জমির মো: হাসিবুস সাত্তার, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আকাশ কুমার কুন্ডু ।

নির্বাহী ম্যাজিস্ট্রেট নাসরিন সুলতানার সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) (ভারপ্রাপ্ত) অধ্যাপক আরিফ হোসেন তালুকদার, মেহেরপুর জেলা মাদকদ্রব্য

পরিদর্শক আবুল হাশেম, মেহেরপুর ফায়ার সার্ভিস স্টেশন অফিসার শামীম রেজা প্রমুখ।

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবসে ৫ গুণী শিক্ষককে সম্মাননা প্রদান

মেহেরপুর বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে জেলার গুণী ৫ শিক্ষককে সম্মাননা প্রদান করা হয়েছে। আজ শনিবার (৫ অক্টোবর) বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে শিক্ষকদের সম্মাননা প্রদান করা হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ মেহেরপুর জেলার গুনি ৫ শিক্ষকের হাতে সম্মাননা পুরস্কার তুলে দেন। সম্মাননা প্রাপ্ত শিক্ষকরা হলেন, গাংনী বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক দিলারা আফরোজ, আমঝুপি ফাজিল মাদ্রাসার এবতেদায়ী মৌলভী আহসানুজ্জামান, একই মাদ্রাসার আইসিটি সহকারী শিক্ষক দিলরুবা পারভীন, মেহেরপুর দারুল উলুম আহমদীয়া ফাজিল মাদ্রাসার সহকারী অধ্যাপক সোলায়মান হোসেন, এবং বামুন্দী সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক হাফিজুর রহমান বকুল।

সম্মাননা প্রদান অনুষ্ঠানে অন্যদের মধ্যে মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবির, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রনি আলম নুর,সরকারি মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন,পুলিশ পরিদর্শক আব্দুল আলিম, জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা আখতারুজ্জামান উপস্থিত ছিলেন।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ বলেন,শিক্ষক হচ্ছেন মানুষ গড়ার কারিগর। বাবা মা সন্তানের লালন পালনের দায়িত্ব নিলেও সন্তানকে

শিক্ষা দেন শিক্ষক। সকল শিক্ষক শ্রদ্বেয়। প্রত্যেক শিক্ষক সম্মানীয়। শিক্ষকেদর মর্যাদা যেন কোন ক্রমে নস্ট না হয়,কোক শিক্ষকের,মনে যেন কোন শিক্ষার্থী দুঃখ না দেয় সে বিষয়ে সকলকে দায়িত্ববান হতে হবে। পিতামাতাদেরও শিক্ষাগুরুর মর্যাদা সপ্মর্কে সন্তানদের সচেতন করতে হবে।

শিক্ষকদের উদ্দেশ্য করে জেলা প্রশাসক বলেন, শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের আরও দায়িত্ববান হতে হবে। সরকারি বিদ্যালয়ে লেখাপড়ার মান বৃদ্ধি করতে হবে। প্রাইভেট বিদ্যালয়ের সাথে প্রতিযোগীতা করতে পারলে সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থীরা বেশি বেশি মনোযোগী হবে।